# ক্ষমতা ধরে রাখতেই নির্বাচন এড়িয়ে চলছে একটি মহল: মির্জা আব্বাস



মির্জা আব্বাস: সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, দেশের একটি বিশেষ গোষ্ঠী কোনো নির্বাচনের পথেই যেতে চায় না। তারা ক্ষমতা চিরস্থায়ী করতে চায়, গণতন্ত্রকে কবর দিতে চায়। তবে বিএনপি জনগণকে সঙ্গে নিয়ে ফের আন্দোলনে নামবে এবং সেই নির্বাচন আদায় করেই ছাড়বে।

সোমবার (৭ জুলাই) দুপুরে সিলেট নগরের পাঠানটুলায় এক আলোচনা সভা ও দোয়া মাহফিলে তিনি এসব কথা বলেন। যুক্তরাজ্য বিএনপির সভাপতি এম এ মালেক এই অনুষ্ঠানের আয়োজন করেন। এতে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার রোগমুক্তি ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনা করা হয়।

মির্জা আব্বাস বলেন, "আমরা ভোটাধিকার ও গণতন্ত্রের জন্য ১৭ বছর আন্দোলন করেছি। সেই আন্দোলনের ফলেই শেখ হাসিনা সরকার বিদায় নিয়েছে, তবে প্রশাসনের ভেতরকার চক্র এখনো সক্রিয়। সচিবালয় থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত তারা নির্বাচনের পথে বাধা সৃষ্টি করছে।"

তিনি আরও বলেন, "সরকারি কর্মকর্তাদের কথাবার্তা শুনলে মনে হয়, তারা নিজেরাও নির্বাচন করাতে অক্ষম। অথচ বিএনপি জনগণের শক্তিতে এই নির্বাচন আদায় করে ছাড়বে। প্রয়োজনে আবারও সেই আগের মতো আন্দোলনে নামব।"